

আইএসএসবি এর জন্য প্রস্তুতি

- ১। নিম্নলিখিত সনদপত্র (মূল/সাময়িক) সংগে আনিতে হইবেঃ
- ক। মাধ্যমিক শিক্ষা সনদ ও মার্ক সীট।
খ। উচ্চ মাধ্যমিক শিক্ষা সনদ ও মার্ক সীট।
গ। অতিরিক্ত যে কোন সনদপত্র/প্রশংসাপত্র।
- ২। ইহাছাড়াও আপনাকে নিম্নলিখিত পরিধেয় বস্ত্র / দরকারী জিনিসপত্রগুলি সংঙ্গে আনিতে হইবেঃ
- ক। **পুরুষ প্রার্থীদের জন্য।**
- (১) কমপক্ষে দুইটি সাদা শর্টস (হাফ প্যান্ট(গ্রীষ্মকাল) /কমপক্ষে এক সেট সাদা ট্র্যাকসুট (শীতকাল)।
(২) কমপক্ষে দুইটি সাদা হাফ হাতা গেঞ্জী বা শার্ট।
(৩) কমপক্ষে দুই সেট মার্জিত পরিধেয় বস্ত্র (শার্ট, ট্রাউজার, টাই, শীতকালে সুট/ব্লেজার ইত্যাদি)।
- খ। **মহিলা প্রার্থীদের জন্য।**
- (১) কমপক্ষে এক সেট সাদা ট্র্যাকসুট।
(২) কমপক্ষে দুইটি সাদা গোল গলা ও হাফ হাতা গেঞ্জী।
(৩) কমপক্ষে দুই সেট মার্জিত পরিধেয় বস্ত্র (হালকা রং এর সালোয়ার-কামিজ/শার্ট, ট্রাউজার, টাই, শীতকালে কার্ডিগ্যান /সুয়াট/ব্লেজার ইত্যাদি)।
- গ। **পুরুষ এবং মহিলা উভয় প্রার্থীর জন্য।**
- (১) কমপক্ষে একটি ফুলহাতা সাদা জার্সি/পুলওভার (শুধুমাত্র শীতকালে)।
(২) কমপক্ষে একটি তোয়ালে।
(৩) কমপক্ষে এক জোড়া খেলাধুলার উপযোগী সাদা জুতা।
(৪) কমপক্ষে এক জোড়া ভদ্রোচিত সাধারণ পরিধেয় জুতা।
(৫) প্রয়োজন অনুযায়ী ব্যবহার্য অন্যান্য ব্যক্তিগত সামগ্রী (টয়লেট্রিজ, অন্তর্বাস, রুমাল, শেভিং কিট, চপ্পল ইত্যাদি)।
(৬) লেখার সামগ্রী, যথাঃ কলম/বলপেন (কাল ও লাল), পেন্সিল, রাবার, শার্পনার, স্কেল ইত্যাদি।
- ৩। অনুচ্ছেদ-২ এ বর্ণিত শীতকাল বলিতে প্রার্থীর আইএসএসবিতে যোগদানের তারিখ ১৫ নভেম্বর হইতে ০১ মার্চ পর্যন্ত বোঝানো হইয়াছে।
- ৪। আইএসএসবিতে প্রয়োজন নাই এমন কোন যন্ত্র বা ইলেকট্রনিক সামগ্রী যেমন- মোবাইল ফোন, ক্যামেরা, মিনি কম্পিউটার, ক্যালকুলেটর, বাইনোকুলার, ছোরা বা আগ্নেয়াস্ত্র ইত্যাদি আনা যাইবে না।
- ৫। অলংকার, মূল্যবান এবং অপ্রয়োজনীয় কোন সামগ্রী সংঙ্গে আনা যাইবে না।
- ৬। বিগত ০৫ (পাঁচ) মাসের মধ্যে আপনি ISSB তে পরীক্ষা/সাক্ষাৎকারে জন্য হাজির হইয়া থাকিলে কিংবা ISSB এর পরীক্ষায় দুইবার প্রত্যাখাত/স্ক্রীভ আউট হইয়া থাকিলে আপনার ISSB তে যোগদানের প্রয়োজন নাই।
- ৭। আপনি যদি একাধিক বাহিনীতে (আর্মি, নেভী, এয়ারফোর্স) কমিশনের জন্য দরখাস্ত করিয়া থাকেন এবং আপনি একান্তভাবে নৌ বাহিনীতে যোগদান করিতে ইচ্ছুক হন তাহা হইলে নৌবাহিনীর জন্য ISSB এর Call up letter পাওয়ার পর পরীক্ষা ও সাক্ষাৎকারের জন্য ISSB তে গমন করিবেন অন্য কোন বাহিনীর জন্য নয়।